গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তাং-২৬/০২/২০১৮

২০১৫ সনের মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত, অনিয়মিত, মানোন্নয়ন ও প্রাইভেট)

পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র কলেজের মাস্টার্স শেষ পর্ব ছাত্রী ও সংশ্লিষ্ট সকলে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুযায়ী ২০১৫ সনের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার ফিসের হিসাব, ফরম পূরণ ও ডাটা এন্ট্রির সময় নিম্নরূপ:

বিষয়ের নাম	ফরমপূরণ ও ফি জমা দেয়ার তারিখ	সময়
মার্কেটিং, ফিন্যান্স, ইসলামী শিক্ষা,	২৮/০২/২০১৮	দুপুর ০১:০০ হতে দুপুর ৩:০০ টা পর্যন্ত
অর্থনীতি, ইতিহাস, ব্যবস্থাপনা	০১/০৩/২০১৮	সকাল ১০:০০ হতে দুপুর ২:০০ টা পর্যন্ত
দর্শন, সমাজকর্ম, ইংরেজি	০৩/০৩/২০১৮	
হিসাববিজ্ঞান, মনোবিজ্ঞান	০৪/০৩/২০১৮	দুপুর ০১:০০ হতে দুপুর ৩:০০ টা পর্যন্ত
গার্হস্থ্য অর্থনীতি, পদার্থ, ভূগোল, রসায়ন, গণিত	০৫/০৩/২০১৮	সকাল ১০:০০ হতে দুপুর ২:০০ টা পর্যন্ত
ইসলামের ইতিহাস, বাংলা, সমাজবিজ্ঞান	০৬/০৩/২০১৮	
রাষ্ট্রবিজ্ঞান, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা,	০৭/০৩/২০১৮	দুপুর ০১:০০ হতে দুপুর ৩:০০ টা পর্যন্ত
গ্রেড/মান উন্নয়ন (সকল বিষয়)	০৮/০৩/২০১৮	সকাল ১০:০০ হতে দুপুর ২:০০ টা পর্যন্ত

নিয়মিত/অনিয়মিত/ প্রাইভেট ছাত্রীদের পরীক্ষার ফি

বিষয়ের নাম	আইসিটি ব্যতীত ফি	আইসিটিসহ ফি
বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস, ইসলামী শিক্ষা, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, [illegible] অর্থনীতি, মার্কেটিং, ফিন্যান্স, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা (নিয়মিত ও অনিয়মিত)	৩,৭৩০.০০	৪,৫৮০.০০
সমাজকর্ম (নিয়মিত ও অনিয়মিত)	৩,৬৮০.০০	৪,৫৩০.০০
বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস, ইসলামী শিক্ষা, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি, মার্কেটিং, ফিন্যান্স, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা (প্রাইভেট)	৩,৫৮০.০০	
পদার্থবিজ্ঞান, রসায়ন, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, ভূগোল, মনোবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, গণিত (নিয়মিত ও অনিয়মিত)	৩,৯৫০.০০	৪,৮০০.০০
বিঃ দ্রঃ যাদের থিসিস পত্র আছে তাদের নির্ধারিত ফিসের সাথে ১৬৫০/- টাকা যোগ করে পরিশোধ করতে হবে।		

গ্রেড/মান উন্নয়ন পরীক্ষার ফি

অনার্স বিষয়ের নাম	ফরম পূরণের ফি
১ পত্র (তত্ত্বীয়)	২,০৩০.০০
২ পত্র (তত্ত্বীয়)	২,২৮০.০০
৩ পত্র (তত্ত্বীয়)	২,৫৩০.০০
৪ পত্র (তত্ত্বীয়)	২,৭৮০.০০
৫ পত্র (তত্ত্বীয়)	৩,০৩০.০০
শুধুমাত্র ব্যবহারিক	২,৩০০.০০
শুধুমাত্র মৌখিক	২,১৮০.০০
শুধু টার্ম পেপার	২,২৩০.০০
তত্ত্বীয় বিষয়ের সাথে ব্যবহারিক থাকলে মোট টাকার সাথে ১২০/- টাকা ও টার্ম পেপার থাকলে ১৫০/- টাকা যোগ করে পরিশোধ করতে হবে।	

কলেজের ওয়েবসাইট হতে নমুনা এক্সেল ফাইল ডাউনলোড করে বিভাগ কর্তৃক ডাটা এন্ট্রির সর্বশেষ তারিখ ০৮/০৩/২০১৮ খ্রি.। নিম্নের নিদের্শনা অনুযায়ী তথ্যাদি অফিসে জমা দেয়ার তারিখ ১০/০৩/২০১৮ খ্রি. বিকাল ৪:০০ টা পর্যন্ত।

পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীঃ

১। ফরম পূরণের ফি জমা দেয়া:

নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীরা সংশ্লিষ্ট বিভাগ হতে টাকা জমা রশিদ সংগ্রহ করে ৩ অংশে পরীক্ষার্থীর নাম, বিষয়ের নাম (রশিদের মাঝখানে বড় করে), ক্লাস রোল নম্বর, টাকার পরিমাণ ও নিজ মোবাইল নম্বর (স্বচল) অবশ্যই লিখতে হবে। ক্যাশ শাখায় নির্ধারিত টাকা জমা দিয়ে স্ব স্ব বিভাগে গিয়ে ফরম সংগ্রহ ও জমা দিবে। প্রাইভেট পরীক্ষার্থীরা অফিসে সকল কার্যক্রম সম্পন্ন করবে।

২। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলি ঃ

(ক) নিয়মিত ও প্রাইভেট শিক্ষার্থীর ক্ষেত্রে ঃ

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়/জাতীয় বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত নিয়মিত ও প্রাইভেট শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) অকৃতকার্য শিক্ষার্থীর ক্ষেত্রে ঃ

F গ্রেড প্রাপ্ত শিক্ষার্থীরা ২০১৫ সনের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। একজন শিক্ষার্থী F গ্রেড প্রাপ্ত কোর্সের পাশাপাশি গ্রেড উন্নীতকরণের জন্য **C** এবং **D** গ্রেড প্রাপ্ত কোর্সেও ২০১৫ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় চলতি সিলেবাস অনুযায়ী অংশগ্রহণের সুযোগ পাবে। তবে **C** এবং **D** গ্রেড প্রাপ্ত কোর্সে একবারের বেশি গ্রেড উন্নীতকরণের সুযোগ পাবে না।

(গ) গ্রেড উন্নয়নের ক্ষেত্রে ঃ

একজন শিক্ষার্থী গ্রেড উন্নীতকরণের জন্য **শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্সে** ২০১৫ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় চলতি সিলেবাস অনুযায়ী অংশগ্রহণের সুযোগ পাবে। তবে একবারের বেশি গ্রেড উন্নীতকরণের সুযোগ পাবে না।

(ঘ) **CGPA** উন্নয়নের ক্ষেত্রে ঃ

একজন শিক্ষার্থী CGPA উন্নয়নের জন্য **শুধুমাত্র ২০১৫ সনের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় C এবং D গ্রেড প্রাপ্ত সর্বোচ্চ ০২ (দুই)টি কোর্সের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।**

(ঙ) ইনকোর্স, টার্মপেপার, মৌখিক, ব্যবহারিক, মাঠকর্ম ও থিসিস পরীক্ষায় গ্রেড উন্নীতকরণের কোনো সুযোগ নাই।

বিঃ দ্রঃ- কোনো শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় তাহলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে। গ্রেড উন্নীতকরণের ক্ষেত্রে ১ম অথবা ২য় বারের পরীক্ষার মধ্যে যে গ্রেড উচ্চতর হবে তা যোগ করা হবে এবং তার ভিত্তিতেই ফলাফল নির্ধারণ করা হবে।

৩। ইনকোর্স ও টার্ম পেপার পরীক্ষার প্রয়োজনীয় শর্তাবলি ঃ

ক) সকল পরীক্ষার্থীদের (নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট) ক্ষেত্রে কলেজের সংশ্লিষ্ট বিভাগ ২০% নম্বরের একটি ইন-কোর্স/টার্ম পেপার পরীক্ষার প্রাপ্ত নম্বর রেজিস্ট্রেশন নম্বরে বিপরীতে এন্ট্রি করে এর ১কপি উপ-পরীক্ষা নিয়ন্ত্রক ও ২কপি পরীক্ষা কমিটির নিকট প্রেরণ করতে হবে।

খ) ইনকোর্স ও টার্মপেপার পরীক্ষার মূল নম্বর পত্রের (ম্যানুয়াল কপি) ফটোকপি কলেজ সংরক্ষণ করবে এবং মূল কপি (ম্যানুয়েল কপি) ফরম পূরণের বিবরণী ও ফি জমাদানের সাথে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে।

৪। পাঠ্যসূচি ঃ

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের ICT সহ এমএ/এমএসএস/এমবিএ/এমএসসি শেষ পর্ব পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত চলতি সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

৫। আবেদন ফরম ও বিবরণী ফরম পূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীদের জন্য) ঃ

পরীক্ষার্থীগণ আবেদন ফরম সংগ্রহ করার পর স্বহস্তে পূরণ করে নির্ধারিত ফি-সহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে বিষয়কোড সঠিকভাবে এন্ট্রি করা হয়েছে কি না দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে সিলেবাসে উল্লিখিত বিষয়কোড (ব্যবহারিকসহ) লিখতে হবে। বিষয়কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশনের উল্লিখিত মাস্টার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্রবাতিল বলে গণ্য হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশনে কোন প্রকার ভুল থাকলে তা প্রবেশপত্র ইস্যুর আগেই সংশোধন করে নিতে হবে। আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশনের ফটোকপি নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব কলেজের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

৬। আবেদন ফরম নিশ্চয়নের নিয়মাবলী (কলেজের জন্য) ঃ

যে সকল পরীক্ষার্থী ২০১৫ সালের মাস্টার্স শেষ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে তাদের (নিয়মিত ও প্রাইভেট) রেজিস্ট্রেশনের ডাটা এক্সেল ফরমেটে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সরবরাহ করা হবে এবং অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে তথ্য/ডাটা যাচাইপূর্বক নির্ভুলভাবে নির্দিষ্ট এক্সেল ফরমেটে নিয়মিত পরীক্ষার্থীদের ডাটার সাথে প্রেরণ করতে হবে। এছাড়াও পূরণকৃত আবেদন ফরমের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি বেঁধে নির্ধারিত তারিখে জমা দিবে এবং এর ফটোকপি কলেজে সংরক্ষণ করবে।

০৭। বিবিধ ঃ

ক) পরীক্ষার্থীদের পরীক্ষার হলে বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত মূল রেজিস্ট্রেশন কার্ড/প্রবেশ পত্র প্রদর্শন করতে হবে।

খ) পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে/প্রবেশপত্রে উল্লিখিত নির্দিষ্ট বিষয়/পত্র কোড ছাড়া অন্য কোনো বিচষয়/পত্র কোড-এ আবেদন ফরম পূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

গ) পরীক্ষার সময়সূচি যথাসময়ে সংশ্লিষ্ট কলেজ/কেন্দ্রসমূহে প্রেরণ ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

ঘ) পরীক্ষার্থীরা নিজ নিজ কলেজ কেন্দ্রে পরীক্ষা দিতে পারবে না। অধ্যক্ষগণকে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্যে অনুরোধ করা হলো।

ঙ) একজন পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে অন্য কোনো পরীক্ষার্থীকে অবৈধভাবে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হলে তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ বহন করবেন।

২৬/০২/১৮

(প্রফেসর ড. শামসুন নাহার)
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:

১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
২। প্রধান সহকারী, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৩। কোষাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাক।
৪। সংরক্ষণ নথি।